# বাংলাদেশের সংবিধান

## এক নজরে সংবিধান রচনায় ১৯৭২ সালের ঘটনাবলি

**১১ জানুয়ারি**
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান "বাংলাদেশের অস্থায়ী সংবিধান আদেশ" জারি করেন

**২৩ মার্চ**
আবু সাঈদ চৌধুরী গণপরিষদ আদেশ জারি করেন

**১০ এপ্রিল**
গণপরিষদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়

**১১ এপ্রিল**
সংবিধান রচনা কমিটি গঠিত হয়

**১৭ এপ্রিল**
সংবিধান রচনা কমিটির প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়

**১০ জুন**
খসড়া সংবিধান অনুমোদন করে

**১২ অক্টোবর**
খসড়া সংবিধান গণপরিষদে উত্থাপন করা হয়

**৪ নভেম্বর**
খসড়া সংবিধান গণপরিষদে গৃহীত ও পাস হয়

**১৪ ও ১৫ ডিসেম্বর**
গণপরিষদের সদস্যরা খসড়া সংবিধানে স্বাক্ষর করেন

**১৬ ডিসেম্বর**
বাংলাদেশের সংবিধান কার্যকর বা প্রবর্তিত হয় ও গণপরিষদ বিলুপ্ত হয়



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তানের কারাগার থেকে মুক্তি পেয়ে যুক্তরাজ্য ও ভারত সফর করে বাংলাদেশে প্রত্যাবর্তন করেন ১৯৭২ সালের ১০ জানুয়ারি। পরের দিনই ১১ জানুয়ারি, ১৯৭২ "বাংলাদেশের অস্থায়ী সংবিধান আদেশ" জারি করেন।



শিল্পাচার্য জয়নুল আবেদীন কর্তৃক বঙ্গবন্ধুকে সংবিধানের মূল কপি অর্পণ। সাথে ছিলেন আব্দুর রউফ, শিল্পী হাশেম খানসহ অন্যান্যরা।

## গণপরিষদ

গণপরিষদ হচ্ছে স্বাধীন বাংলাদেশের প্রথম আইন পরিষদ। ৭ ডিসেম্বর, ১৯৭০ থেকে ১ মার্চ, ১৯৭১ পর্যন্ত (উপনির্বাচনসহ) নির্বাচনে জাতীয় পরিষদে ১৬৯ জন ও প্রাদেশিক পরিষদে ৩০০ জন মোট ৪৬৯ জন নির্বাচিত সদস্য নিয়ে গঠিত হয় বাংলাদেশের প্রথম ও একমাত্র গণপরিষদ। তবে সকলে গণপরিষদের সদস্য হতে পারেনি। কারণ মুক্তিযুদ্ধে শহিদ হন ১২ জন, দালালির অভিযোগে বাদ পড়েন ৫ জন, দুর্নীতির দায়ে আওয়ামী লীগ থেকে বহিষ্কার হন ৪৬ জন, পাকিস্তানে চলে যায় ২ জন এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদান করেন ১ জন, অর্থাৎ মোট ৬৬ জন বাদ পড়ে যান। ফলে গণপরিষদের মোট সদস্য দাঁড়ায় ৪০৩ জন।

### আরো জানতে হবে

- **গণপরিষদ আদেশ জারি করেন-** বিচারপতি আবু সাঈদ চৌধুরী।
- **গণপরিষদে মোট সদস্য-** ৪০৩ জন।
- **প্রথম অধিবেশনে সভাপতিত্ব করেন-** মাওলানা আব্দুর রশিদ তর্কবাগিশ।
- **প্রথম অধিবেশনে স্পীকার ছিলেন-** শাহ আব্দুল হামিদ।
- **প্রথম অধিবেশনে ডেপুটি স্পীকার ছিলেন-** মোহাম্মদ উল্লাহ।
- **বাংলাদেশের সংবিধান দিবস-** ৪ নভেম্বর।
- **খসড়া সংবিধানে প্রথম স্বাক্ষর করেন-** শেখ মুজিবুর রহমান।
- **খসড়া সংবিধানে সর্বশেষ স্বাক্ষর করেন-** সদর উদ্দীন আহমেদ।
- **হস্তলিখিত সংবিধানে স্বাক্ষর করেননি-** সুরঞ্জিত সেন গুপ্ত।

## সংবিধান রচনা কমিটি


ড. কামাল হোসেন

- **সংবিধান রচনা কমিটির মোট সদস্য-** ৩৪ জন।
- **কমিটির সভাপতি ছিলেন-** ড. কামাল হোসেন।
- **একমাত্র মহিলা সদস্য-** রাজিয়া আক্তার বানু।
- **আওয়ামী লীগের সদস্য ছিলেন-** ৩৩ জন
- **একমাত্র বিরোধী দলীয় সদস্য ছিলেন-** সুরঞ্জিত সেন গুপ্ত।
- **সুরঞ্জিত সেন গুপ্ত'র রাজনৈতিক দল-** 'ন্যাশনাল আওয়ামী পার্টি' (NAP)।

## এক নজরে বাংলাদেশের সংবিধান

- সংবিধানের প্রকৃতি- লিখিত ও দুষ্পরিবর্তনীয়।
- সংবিধানের শুরু- প্রস্তাবনা দিয়ে।
- সংবিধানের অভিভাবক/ব্যাখ্যাকারক/রক্ষক- সুপ্রিম কোর্ট।
- মূল সংবিধান সংরক্ষিত আছে- শাহবাগ জাতীয় জাদুঘরে।
- সংবিধানের ভাষা- ২টি (বাংলা ও ইংরেজি)।
- বাংলাদেশের সংবিধান রচিত হয়- ইংরেজিতে।
- বাংলাদেশের সংবিধান বাংলা অনুবাদ করেন- অধ্যাপক আনিসুজ্জামান।
- সংবিধান সংশোধনীর জন্য প্রয়োজন- দুই-তৃতীয়াংশ ভোটের।
- বাংলাদেশের সংবিধানের বৈশিষ্ট্য- ১২টি।
- সংবিধানে মৌলিক অধিকার বিষয়ক অনুচ্ছেদ- ১৮টি।
- সংবিধানে নারী সম্পর্কিত অনুচ্ছেদ- ১৯(৩), ২৮(২), ২৮(৩), ২৯(২), ৬৫(৩)।
- বিদেশিদের জন্য সংবিধানে মৌলিক অধিকার বিদ্যমান- ৬টি অনুচ্ছেদে।
- বাংলাদেশের সংবিধান অনুযায়ী প্রধানমন্ত্রী ও মন্ত্রিপরিষদ দায়বদ্ধ- সংসদের নিকট।

## সংখ্যাতত্ত্বে সংবিধান

| সংখ্যা | তথ্য | সংখ্যা | তথ্য |
|---|---|---|---|
| ১ | সংবিধানের প্রস্তাবনা | ৩৪ | সংবিধান রচনা কমিটির সদস্য |
| ২ | সংবিধানের ভাষা | ৯৩ | হস্তলিখিত সংবিধানের পৃষ্ঠা |
| ৪ | সংবিধানের মূলনীতি | ১০৮ | স্বাক্ষরসহ হস্তলিখিত সংবিধানের পৃষ্ঠা |
| ৭ | তফসিল/মৌলিক নীতি | ১৫৩ | অনুচ্ছেদ |
| ১১ | অধ্যায় বা ভাগ | ৩৯৯ | হস্তলিখিত মূল সংবিধানে স্বাক্ষরকারী |
| ১৩ | পরিচ্ছেদ | ৩০০ | সংবিধান অনুসারে নির্বাচিত সংসদ সদস্য |
| ১৭ | সংশোধনী | ৪০৩ | গণপরিষদের মোট সদস্য |

## সংবিধানে বর্ণিত ৭ টি গুরুত্বপূর্ণ মৌলিক অধিকার

১. আইনের দৃষ্টিতে সমতা - ২৭ নং অনুচ্ছেদ
২. ধর্ম প্রভৃতি কারণে বৈষম্য নিষিদ্ধকরণ - ২৮ নং অনুচ্ছেদ
৩. সরকারি নিয়োগ লাভে সুযোগের ক্ষমতা - ২৯ নং অনুচ্ছেদ
৪. জীবন ও ব্যক্তি স্বাধীনতার অধিকার সংরক্ষণ - ৩২ নং অনুচ্ছেদ
৫. গ্রেপ্তার ও আটক সম্পর্কে রক্ষাকবচ - ৩৩ নং অনুচ্ছেদ
৬. সংগঠনের স্বাধীনতা - ৩৮ নং অনুচ্ছেদ
৭. চিন্তাও বিবেকের স্বাধীনতা এবং বাক স্বাধীনতা - ৩৯ নং অনুচ্ছেদ

## সংবিধানের সাথে জড়িত ব্যক্তিত্ব

| | |
|---|---|
|  শেখ মুজিবুর রহমান | ১১ জানুয়ারি, ১৯৭২ অস্থায়ী সংবিধান আদেশ জারি করেন। |
|  আবু সাঈদ চৌধুরী | ২৩ মার্চ, ১৯৭২ গণপরিষদ আদেশ জারি করেন। |
| মাওঃ আবদুর রশীদ তর্কবাগিশ | গণপরিষদের ১ম অধিবেশনে সভাপতিত্ব করেন। |
| শাহ আব্দুল হামিদ | গণপরিষদের প্রথম স্পীকার। |
| মোহাম্মদ উল্লাহ | গণপরিষদের প্রথম ডেপুটি স্পীকার। |
|  ড. কামাল হোসেন | ▪ সংবিধানের খসড়া গণপরিষদে উত্থাপন করেন।<br>▪ সংবিধান রচনা কমিটির প্রধান/সভাপতি।<br>▪ বাংলাদেশের সংবিধানের জনক/রূপকার/স্থপতি বলা হয়। |
|  বেগম রাজিয়া আক্তার বানু | সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য। |
|  সুরঞ্জিত সেন গুপ্ত | সংবিধান রচনা কমিটির বিরোধী দলীয় (ন্যাপ) সদস্য, খসড়া সংবিধানে একমাত্র তিনিই স্বাক্ষর করেন নি। |
| আব্দুর রউফ | খসড়া সংবিধান হস্তলেখক। |
|  জয়নুল আবেদীন | খসড়া সংবিধান অলংকরণ ও ডিজাইন করেন |
| শিল্পী হাসেম খান | নকশা ও অঙ্গসজ্জার সহযোগী। |
| অধ্যাপক আনিসুজ্জামান | সংবিধান পর্যালোচনায় প্রধান ভাষা বিশেষজ্ঞ। |
| আই গাথরি | একজন ব্রিটিশ আইনজীবী ও রচনা কমিটির বিদেশি বিশেষজ্ঞ। |

## সংবিধানের ৪টি মূলনীতি

| মূলনীতি ১৯৭২ | পরিবর্তিত মূলনীতি |
|---|---|
| ১. ধর্মনিরপেক্ষতা | ১. সর্বশক্তিমান আল্লাহর উপর পূর্ণ আস্থা ও বিশ্বাস। |
| ২. বাঙালি জাতীয়তাবাদ | ২. বাংলাদেশি জাতীয়তাবাদ। |
| ৩. গণতন্ত্র | ৩. গণতন্ত্র |
| ৪. সমাজতন্ত্র | ৪. অর্থনৈতিক ও সামাজিক ন্যায় বিচার অর্থে সমাজতন্ত্র। |

### গুরুত্বপূর্ণ বিশেষ তথ্য

- **বাংলাদেশ বিজয় লাভ করে-** ১৬ ডিসেম্বর, ১৯৭১
- **সংবিধান কার্যকর হয়-** ১৬ ডিসেম্বর, ১৯৭২।
- **গণপরিষদের প্রথম সভাপতি-** মাওলানা আবদুর রশীদ তর্কবাগিশ।
- **গণপরিষদের প্রথম স্পীকার-** শাহ আব্দুল হামিদ।
- **গণপরিষদের প্রথম ডেপুটি স্পীকার-** মোহাম্মদ উল্লাহ।
- **জাতীয় সংসদের প্রথম স্পীকার-** মোহাম্মদ উল্লাহ।
- **জাতীয় সংসদের প্রথম ডেপুটি স্পীকার-** মোহাম্মদ বায়তুল্লাহ।
- **বিশ্বের সবচেয়ে বড় সংবিধান-** ভারতের সংবিধান।
- **বিশ্বের সবচেয়ে ছোট সংবিধান-** মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান।

**ভুল নয়, সঠিক তথ্য জানুন:** বাজারের প্রচলিত অনেক বইতে জাতীয় সংসদের প্রথম ডেপুটি স্পীকার দেয়া আছে আব্দুল মালেক উকিল। তথ্যটি ভুল আব্দুল মালেক উকিল একজন খ্যাতনামা রাজনীতিবিদ ছিলেন। কিন্তু তিনি জাতীয় সংসদের প্রথম ডেপুটি স্পীকার ছিলেন না। জাতীয় সংসদের প্রথম ডেপুটি স্পীকার ছিলেন মোহাম্মদ বায়তুল্লাহ। যিনি ১৯৭২ থেকে ১৯৭৫ সাল পর্যন্ত ডেপুটি স্পীকার হিসেবে দায়িত্ব পালন করেন।

[তথ্যসূত্র : উইকিপিডিয়া ও বাংলাপিডিয়া]



মাওঃ আবদুর রশীদ তর্কবাগিশ — গণপরিষদের প্রথম সভাপতি
শাহ আব্দুল হামিদ — গণপরিষদের প্রথম স্পীকার
মোহাম্মদ উল্লাহ্ — জাতীয় সংসদের প্রথম স্পীকার

★ জাতীয় সংসদের যিনি স্পীকার তিনিই সভাপতি।

# সংবিধানের অনুচ্ছেদসমূহ

## প্রথম ভাগ-প্রজাতন্ত্র

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ১ *** | প্রজাতন্ত্র |
| ২ *** | প্রজাতন্ত্রের রাষ্ট্রীয় সীমানা |
| ২ক*** | রাষ্ট্রধর্ম |
| ৩*** | রাষ্ট্রভাষা |
| ৪*** | জাতীয় সঙ্গীত, পতাকা ও প্রতীক |
| ৪ক*** | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি স্থাপন |
| ৫*** | রাজধানী |
| ৬*** | নাগরিকত্ব |
| ৭*** | সংবিধানের প্রাধান্য |
| ৭ক*** | সংবিধান বাতিল, স্থগিতকরণ, ইত্যাদি অপরাধ |
| ৭খ | সংবিধানের মৌলিক বিষয়াবলী সংশোধন অযোগ্য। |

## দ্বিতীয় ভাগ-রাষ্ট্র পরিচালনার মূলনীতি

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ৮*** | মূলনীতিসমূহ |
| ৯*** | জাতীয়তাবাদ |
| ১০*** | সমাজতন্ত্র ও শোষণমুক্তি |
| ১১*** | গণতন্ত্র মানবাধিকার |
| ১২*** | ধর্ম নিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা |
| ১৩ | মালিকানা নীতি |
| ১৪ | কৃষক ও শ্রমিকের মুক্তি |
| ১৫ | মৌলিক প্রয়োজনের ব্যবস্থা |
| ১৬ | গ্রামীণ উন্নয়ন ও কৃষি বিপ্লব |
| ১৭*** | অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষা |
| ১৮ | জনস্বাস্থ্য ও নৈতিকতা |
| ১৮ক*** | পরিবেশ ও জীব-বৈচিত্র সংরক্ষণ ও উন্নয়ন |
| ১৯*** | সুযোগের সমতা |
| ২০ | অধিকার ও কর্তব্যরূপে কর্ম |
| ২১ | নাগরিক ও সরকারি কর্মচারীদের কর্তব্য |

| | |
|---|---|
| ২২*** | নির্বাহী বিভাগ হইতে বিচার বিভাগের পৃথকীকরণ |
| ২৩ | জাতীয় সংস্কৃতি |
| ২৩ক*** | উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের সংস্কৃতি |
| ২৪ | জাতীয় স্মৃতিনিদর্শন প্রভৃতি |
| ২৫ | আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও সংহতির উন্নয়ন |

## তৃতীয় ভাগ -মৌলিক অধিকার

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ২৬ | মৌলিক অধিকারের অসামঞ্জস্য আইন বাতিল |
| ২৭*** | আইনের দৃষ্টিতে সমতা |
| ২৮*** | ধর্ম প্রভৃতি কারণে বৈষম্য |
| ২৯*** | সরকারি নিয়োগলাভে সুযোগের সমতা |
| ৩০ | বিদেশি খেতাব প্রভৃতি গ্রহণ নিষিদ্ধকরণ |
| ৩১*** | আইনের আশ্রয় লাভের অধিকার |
| ৩২*** | জীবন ও ব্যক্তি-স্বাধীনতার অধিকার-রক্ষণ |
| ৩৩*** | গ্রেপ্তার ও আটক সম্পর্কে রক্ষাকবচ |
| ৩৪ | জবরদস্তি-শ্রম নিষিদ্ধকরণ |
| ৩৫ | বিচার ও দণ্ড সম্পর্কে রক্ষাকবচ |
| ৩৬ | চলাফেরার স্বাধীনতা |
| ৩৭*** | সমাবেশের স্বাধীনতা |
| ৩৮*** | সংগঠনের স্বাধীনতা |
| ৩৯*** | চিন্তা ও বিবেকের স্বাধীনতা এবং বাক্-স্বাধীনতা |
| ৪০*** | পেশা বা বৃত্তির স্বাধীনতা |
| ৪১*** | ধর্মীয় স্বাধীনতা |
| ৪২*** | সম্পত্তির অধিকার |
| ৪৩ | গৃহ ও যোগাযোগের রক্ষণ |
| ৪৪ | মৌলিক অধিকার বলবৎকরণ |
| ৪৫ | শৃঙ্খলামূলক আইনের ক্ষেত্রে অধিকারের পরিবর্তন |
| ৪৬ | দায়মুক্তি-বিধানের ক্ষমতা |
| ৪৭ | কতিপয় আইনের হেফাজত |

## চতুর্থ ভাগ -নির্বাহী বিভাগ

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ৪৮*** | রাষ্ট্রপতি |
| ৪৯*** | ক্ষমা প্রদর্শনের অধিকার |
| ৫০ | রাষ্ট্রপতি-পদের মেয়াদ |
| ৫১ | রাষ্ট্রপতির দায়মুক্তি |
| ৫২*** | রাষ্ট্রপতির অভিশংসন |
| ৫৩*** | অসামর্থের কারণে রাষ্ট্রপতির অপসারণ |
| ৫৪ | অনুপস্থিতি প্রভৃতির কালে রাষ্ট্রপতি-পদে স্পীকার |
| ৫৫ | মন্ত্রিসভা |
| ৫৬ | মন্ত্রিগণ |
| ৫৭ | প্রধানমন্ত্রীর পদের মেয়াদ |
| ৫৮ | অন্যান্য মন্ত্রীর পদের মেয়াদ |
| ৫৯ | স্থানীয় শাসন |
| ৬০ | স্থানীয় শাসন-সংক্রান্ত প্রতিষ্ঠানের ক্ষমতা |
| ৬১ | সর্বাধিনায়কতা |
| ৬২ | প্রতিরক্ষা কর্মবিভাগে ভর্তি প্রভৃতি |
| ৬৩ | যুদ্ধ |
| ৬৪*** | অ্যাটর্নি-জেনারেল |

## পঞ্চম ভাগ -আইনসভা

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ৬৫ | সংসদ-প্রতিষ্ঠা |
| ৬৬ | সংসদে নির্বাচিত হইবার যোগ্যতা ও অযোগ্যতা |
| ৬৭ | সদস্যদের আসন শূন্য হওয়া |
| ৬৮ | সংসদ সদস্যদের [পারিশ্রমিক] প্রভৃতি |
| ৬৯ | শপথগ্রহণের পূর্বে আসনগ্রহণ বা ভোটদান করিলে সদস্যের অর্থদণ্ড |
| ৭০ | রাজনৈতিক দল হইতে পদত্যাগ বা দলে বিপক্ষে ভোটদানের কারণে আসন শূন্য হওয়া |
| ৭১ | দ্বৈত-সদস্যতায় বাধা |
| ৭২*** | সংসদের অধিবেশন |
| ৭৩*** | সংসদে রাষ্ট্রপতির ভাষণ ও বাণী |
| ৭৩ক | সংসদ সম্পর্কে মন্ত্রিগণের অধিকার |
| ৭৪*** | স্পীকার ও ডেপুটি স্পীকার |
| ৭৫ | কার্যপ্রণালী-বিধি, কোরাম প্রভৃতি |
| ৭৬ | সংসদের স্থায়ী কমিটিসমূহ |

| | |
|---|---|
| ৭৭*** | ন্যায়পাল |
| ৭৮ | সংসদ ও সদস্যদের বিশেষ-অধিকার ও দায়মুক্তি |
| ৭৯ | সংসদ-সচিবালয় (Secretariat of Parliament) |
| ৮০ | আইনপ্রণয়ন-পদ্ধতি |
| ৮১ | অর্থবিল |
| ৮২ | আর্থিক ব্যবস্থাবলীর সুপারিশ |
| ৮৩ | সংসদের আইন ব্যতীত করারোপে বাধা |
| ৮৪ | সংযুক্ত তহবিল ও প্রজাতন্ত্রের সরকারি হিসাব |
| ৮৫ | সরকারি অর্থের নিয়ন্ত্রণ |
| ৮৬ | প্রজাতন্ত্রের সরকারি হিসেবে প্রদেয় অর্থ |
| ৮৭ | বার্ষিক আর্থিক বিবৃতি |
| ৮৮ | সংযুক্ত তহবিলের উপর দায় |
| ৮৯ | বার্ষিক আর্থিক বিবৃতি সম্পর্কিত পদ্ধতি |
| ৯০ | নির্দিষ্টকরণ আইন |
| ৯১ | সম্পূরক ও অতিরিক্ত মঞ্জুরী |
| ৯২ | হিসাব, ঋণ প্রভৃতির উপর ভোট |
| ৯২ক | বিলুপ্ত |
| ৯৩*** | অধ্যাদেশ প্রণয়ন-ক্ষমতা |

**ষষ্ঠ ভাগ -বিচার বিভাগ**

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ৯৪ | সুপ্রীম কোর্ট প্রতিষ্ঠা |
| ৯৫*** | বিচারক নিয়োগ |
| ৯৬ | বিচারকদের পদের মেয়াদ |
| ৯৭ | অস্থায়ী প্রধান বিচারপতি নিয়োগ |
| ৯৮ | সুপ্রীম কোর্টের অতিরিক্ত বিচারকগণ |
| ৯৯ | অবসর গ্রহণের পর বিচারকগণের অক্ষমতা |
| ১০০ | সুপ্রীম কোর্টের আসন |
| ১০১ | হাইকোর্ট বিভাগের এখতিয়ার |
| ১০৩ | আপীল বিভাগের এখতিয়ার |
| ১০৪ | আপীল বিভাগের পরোয়ানা জারী ও নির্বাহী |
| ১০৫ | আপীল বিভাগ কর্তৃক রায় বা আদেশ পুনর্বিবেচনা |
| ১০৬ | সুপ্রীম কোর্টের উপদেষ্টামূলক এখতিয়ার |
| ১০৭ | সুপ্রিম কোর্টের বিধিপ্রণয়ন-ক্ষমতা |
| ১০৮*** | "কোর্ট অব রেকর্ড" রূপে সুপ্রীম কোর্ট |
| ১০৯ | আদালতসমূহের উপর তত্ত্বাবধায়ন ও নিয়ন্ত্রণ |
| ১১০ | অধস্তন আদালত হইতে হাইকোর্ট বিভাগে মামলা স্থানান্তর |

| | |
|---|---|
| ১১১ | সুপ্রিম কোর্টের রায়ের বাধ্যতামূলক কার্যকরতা |
| ১১২ | সুপ্রীম কোর্টের সহায়তা |
| ১১৩ | সুপ্রীম কোর্টের কর্মচারীগণ |
| ১১৪ | অধস্তন আদালতসমূহ প্রতিষ্ঠা |
| ১১৫ | অধস্তন আদালতে নিয়োগ |
| ১১৬ | অধস্তন আদালতসমূহের নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা |
| ১১৬ক | বিচারবিভাগীয় কর্মচারীগণ বিচারকার্য পালনের ক্ষেত্রে স্বাধীন |
| ১১৭*** | প্রশাসনিক ট্রাইব্যুনালসমূহ |
| | **সপ্তম ভাগ- নির্বাচন** |
| অনুচ্ছেদ | বিষয় |
| ১১৮*** | নির্বাচন কমিশন প্রতিষ্ঠা |
| ১১৯ | নির্বাচন কমিশনের দায়িত্ব |
| ১২০ | নির্বাচন কমিশনের কর্মচারীগণ |
| ১২১ | প্রতি এলাকার জন্য একটিমাত্র ভোটার-তালিকা |
| ১২২ | ভোটার-তালিকায় নামভুক্তির যোগ্যতা |
| ১২৩ | নির্বাচন-অনুষ্ঠানের সময় |
| ১২৪ | নির্বাচন সম্পর্কে সংসদের বিধান-প্রণয়নের ক্ষমতা |
| ১২৫ | নির্বাচনী আইন ও নির্বাচনের বৈধতা |
| ১২৬ | নির্বাচন কমিশনকে নির্বাহী কর্তৃপক্ষের সহায়তাদান |
| | **অষ্টম ভাগ -মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক** |
| অনুচ্ছেদ | বিষয় |
| ১২৭*** | মহা হিসাব-নিরীক্ষক পদের প্রতিষ্ঠা |
| ১২৮*** | মহা হিসাব-নিরীক্ষকের দায়িত্ব |
| ১২৯ | মহা হিসাব-নিরীক্ষকের কর্মের মেয়াদ |
| ১৩০ | অস্থায়ী মহা হিসাব-নিরীক্ষক |
| ১৩১ | প্রজাতন্ত্রের হিসাব-রক্ষার আকার ও পদ্ধতি |
| ১৩২ | সংসদে মহার হিসাব-নিরীক্ষকের রিপোর্ট উপস্থাপন |
| | **নবম ভাগ- বাংলাদেশের কর্ম বিভাগ** |
| অনুচ্ছেদ | বিষয় |
| ১৩৩ | নিয়োগ ও কর্মের শর্তাবলী |
| ১৩৪ | কর্মের মেয়াদ |
| ১৩৫ | অসামরিক সরকারি কর্মচারীদের বরখাস্ত প্রভৃতি |
| ১৩৬ | কর্মবিভাগ-পুনর্গঠন |
| ১৩৭*** | কর্ম কমিশন প্রতিষ্ঠা |
| ১৩৮ | সদস্য নিয়োগ |
| ১৩৯ | পদের মেয়াদ |
| ১৪০ | কমিশনের দায়িত্ব |
| ১৪১ | বার্ষিক রিপোর্ট |

## নবম ভাগ (ক) - জরুরী বিধানাবলী

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ১৪১ক*** | জরুরী-অবস্থা ঘোষণা |
| ১৪১খ | জরুরী অবস্থার সময় কতিপয় অনুচ্ছেদের বিধান স্থগিতকরণ |

## দশম ভাগ - সংবিধান - সংশোধন

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ১৪২*** | সংবিধানের বিধান সংশোধনের ক্ষমতা। |

## একাদশ ভাগ - বিবিধ

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ১৪৩ | প্রজাতন্ত্রের সম্পত্তি |
| ১৪৪ | সম্পত্তি ও কারবার প্রভৃতি-প্রসঙ্গে নির্বাহী কর্তৃত্ব |
| ১৪৫ | চুক্তি ও দলিল |
| ১৪৫ক*** | আন্তর্জাতিক চুক্তি |
| ১৪৬ | বাংলাদেশের নামে মামলা |
| ১৪৭ | কতিপয় পদাধিকারীর পারিশ্রমিক প্রভৃতি |
| ১৪৮ | পদের শপথ |
| ১৪৯ | প্রচলিত আইনের হেফাজত |
| ১৫০ | ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী |
| ১৫১ | রহিতকরণ |
| ১৫২*** | ব্যাখ্যা |
| ১৫৩ | প্রবর্তন, উল্লেখ ও নির্ভরযোগ্য পাঠ |



## সংবিধানের তফসিল ৭টি

**তফসিল:** তফসিল শব্দের বাংলা অর্থ বিবরণ। কোনো বিষয়ে আলোচনার পর সে আলোচনাকে পূর্ণাঙ্গ করার জন্য অতিরিক্ত বিবরণের প্রয়োজন হলে উক্ত অতিরিক্ত আলোচনাকে তফসিল বলে। বাংলাদেশের সংবিধানে তফসিল ৭টি-

| নং | বিষয়বস্তু | সম্পর্কিত অনুচ্ছেদ |
|---|---|---|
| প্রথম তফসিল | অন্যান্য বিধান সত্ত্বেও কার্যকর আইন। | ৪৭নং অনুচ্ছেদ |
| দ্বিতীয় তফসিল | রাষ্ট্রপতি নির্বাচন। (বর্তমানে বিলুপ্ত) | সংবিধান আইন'৭৫ |
| তৃতীয় তফসিল | শপথ ও ঘোষণা। | ১৪৮ নং অনুচ্ছেদ |
| চতুর্থ তফসিল | ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানবলী। | ১৫০ (১) নং অনুচ্ছেদ |
| পঞ্চম তফসিল | ১৯৭১ সালের ৭ই মার্চ তারিখে ঢাকার রেসকোর্স ময়দানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেওয়া ঐতিহাসিক ভাষণ। | ১৫০ (২) নং অনুচ্ছেদ |
| ষষ্ঠ তফসিল | ২৫ মার্চ মধ্যরাত শেষে অর্থাৎ ২৬ মার্চ প্রথম প্রহরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত স্বাধীনতা ঘোষণা। | ১৫০ (২) নং অনুচ্ছেদ |
| সপ্তম তফসিল | ১৯৭১ সালের ১০ই এপ্রিল তারিখে মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্র। | ১৫০ (২) নং অনুচ্ছেদ |



# এক নজরে সংবিধানের সংশোধনীসমূহ

| সংশোধনী | বিষয়বস্তু |
|---|---|
| প্রথম সংশোধনী (১৯৭৩ সালে) | • গণহত্যা বা যুদ্ধপরাধ এবং আন্তর্জাতিক আইনে অন্যান্য অপরাধ এর দায়ে যে কোনো ব্যক্তির বিচার ও শাস্তির অনুমোদন। |
| দ্বিতীয় সংশোধনী (১৯৭৩ সালে) | • জরুরী অবস্থাকালীন সময়ে নাগরিকদের কতিপয় মৌলিক অধিকার স্থগিত করা হয়। |
| তৃতীয় সংশোধনী (১৯৭৪ সালে) | • ভারত-বাংলাদেশ স্থল সীমান্ত চুক্তি, ১৯৭৪ কার্যকর করার লক্ষ্যে সংবিধানে পরিবর্তন আনা হয়। |
| চতুর্থ সংশোধনী (১৯৭৫ সালে) | • সংসদীয় সরকারের পরিবর্তে রাষ্ট্রপতি সরকার ব্যবস্থা চালু।<br>• বহুদলীয় রাজনৈতিক ব্যবস্থার পরিবর্তে একদলীয় ব্যবস্থা।<br>• উপ-রাষ্ট্রপতির পদ সৃষ্টি। |
| পঞ্চম সংশোধনী (১৯৭৯ সালে) | • সংবিধানের শুরুতে 'বিস্‌মিল্লাহির রহ্‌মানির রাহিম' সংযোজন।<br>**<u>এই সংশোধনীতে রাষ্ট্র পরিচালনার মূলনীতি পরিবর্তন করে-</u>**<br>• 'বাঙ্গলি' জাতীয়তাবাদের পরিবর্তে 'বাংলাদেশি' জাতীয়তাবাদ প্রবর্তন।<br>• 'ধর্মনিরপেক্ষতার' পরিবর্তে 'সর্বশক্তিমান আল্লাহর ওপর আস্থা ও বিশ্বাস' সংযোজন। |
| ষষ্ঠ সংশোধনী (১৯৮১ সালে) | • উপরাষ্ট্রপতির পদ থেকে রাষ্ট্রপতি পদে নির্বাচনের বিধান নিশ্চিত করণ। |
| সপ্তম সংশোধনী (১৯৮৬ সালে) | • সংবিধানের চতুর্থ তফসিল সংশোধন করা হয়। |
| অষ্টম সংশোধনী (১৯৮৮ সালে) | • রাষ্ট্রধর্ম হিসেবে ইসলামকে স্বীকৃতি।<br>• ঢাকার বাইরে হাইকোর্টের ছয়টি বেঞ্চ স্থাপন।<br>• Dacca এর পরিবর্তে Dhaka এবং Bengali এর পরিবর্তে Bangla করা হয়। |
| নবম সংশোধনী (১৯৮৯ সালে) | • রাষ্ট্রপতি এবং উপ-রাষ্ট্রপতি পদের মেয়াদ ৫ বছর করা হয়।<br>• রাষ্ট্রপতির ক্ষমতা দুই মেয়াদে সীমাবদ্ধ করা হয়। |
| দশম সংশোধনী (১৯৯০ সালে) | • সংসদে ১০ বছরের জন্য ৩০ টি আসন নারীদের জন্য সংরক্ষিত থাকবে। |
| একাদশ সংশোধনী (১৯৯১ সালে) | • অস্থায়ী রাষ্ট্রপতি বিচারপতি শাহাবুদ্দীন আহমেদের স্বপদে ফিরে যাবার বিধান প্রণয়ন। |

| | |
|---|---|
| দ্বাদশ সংশোধনী (১৯৯১ সালে) | • সংসদীয় সরকার পদ্ধতির পুনঃপ্রবর্তন।<br>• উপ-রাষ্ট্রপতির পদ বিলুপ্ত করা হয়।<br>নোট: দ্বাদশ সংশোধনীকে চতুর্থ সংশোধনীর বিপরীত সংশোধনী বলা হয়। ১৯৯১ সালে দ্বাদশ সংশোধনীকে আইনত রূপ দেওয়ার জন্য বাংলাদেশের ইতিহাসে সর্বশেষ গণভোটের আয়োজন করা হয়। |
| ত্রয়োদশ সংশোধনী (১৯৯৬ সালে) | • অবাধ, সুষ্ঠ ও নিরপেক্ষ নির্বাচনের জন্য নির্দলীয় 'তত্ত্বাবধায়ক সরকার' ব্যবস্থার বিধান করা হয়। |
| চতুর্দশ সংশোধনী (২০০৪ সালে) | • রাষ্ট্রপতির প্রতিকৃতি ও প্রধামন্ত্রীর প্রতিকৃতি সংরক্ষণ ও প্রদর্শন সম্পর্কিত বিধান।<br>• সংসদে নারীদের জন্য ৪৫ টি সংরক্ষিত আসন বৃদ্ধি।<br>• সুপ্রিম কোর্টের বিচারক, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এবং সরকারি কর্মকমিশনের সদস্যদের অবসরের বয়সসীমা বৃদ্ধি। |
| পঞ্চদশ সংশোধনী (২০১১ সালে) | • ১৯৭২ সালের সংবিধানের মূলনীতি (চালুসহ সংবিধান পুনঃমুদ্রণ ও সংশোধন) পুনর্বহাল করা হয়।<br>• তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করা হয়।<br>• সংরক্ষিত নারী আসন ৪৫ টি থেকে ৫০ টিতে বৃদ্ধি।<br>• জাতির পিতার স্বীকৃতি ও প্রতিকৃতি সংরক্ষণ।<br>• জাতির পিতার, ৭ই মার্চের ভাষণ, স্বাধীনতার ঘোষণা ও ঘোষণাপত্র যুক্ত।<br>• সংবিধান সংশোধনে 'গণভোট' ব্যবস্থা বাতিল।<br>• রাষ্ট্রপতি কর্তৃক ঘোষিত জরুরী অবস্থার মেয়াদকাল সর্বোচ্চ ৪ মাস করা হয়। |
| ষোড়শ সংশোধনী (২০১৪ সালে) | • বিচারপতিদের অভিশংসনের বা অপসরণের ক্ষমতা জাতীয় সংসদের হাতে প্রদান করা হয়। |
| সপ্তদশ সংশোধনী (২০১৮ সালে) | • জাতীয় সংসদে নারীদের জন্য সংরক্ষিত ৫০টি আসনের মেয়াদ আরো ২৫ বছরের জন্য বৃদ্ধি করা হয়। |

| সাংবিধানিক পদসমূহ | সাংবিধানিক প্রতিষ্ঠান |
|---|---|
| ১. রাষ্ট্রপতি | ১. জাতীয় সংসদ সচিবালয় |
| ২. প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং উপমন্ত্রী | ২. প্রশাসনিক ট্রাইব্যুনাল |
| ৩. অ্যাটর্নি জেনারেল | ৩. নির্বাচন কমিশন |
| ৪. সংসদ সদস্যগণ | ৪. অ্যাটর্নি জেনারেল |
| ৫. স্পীকার এবং ডেপুটি স্পীকার | ৫. মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় |
| ৬. ন্যায়পাল (Ombudsman)** | ৬. সরকারি কর্ম কমিশন (PSC) |
| ৭. প্রধান বিচারপতি এবং অন্যান্য বিচারপতি | নোট: আইন বিভাগ (সংসদ), বিচার বিভাগ (আদালত) ও নির্বাহী বিভাগ (সচিবালয়) সরকারের বিভাগ হলেও সাংবিধানিক প্রতিষ্ঠান নয়। |
| ৮. প্রধান নির্বাচন কমিশনার | |
| ৯. মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক | |
| ১০. সরকারি কর্মকমিশনের চেয়ারম্যান | |

নোট: ন্যায়পাল (সংবিধিবদ্ধ) পদটি এখনও বাস্তবায়িত হয়নি।

## দেশের প্রথম সাংবিধানিক পদে যারা ছিলেন

- প্রধান বিচারপতি- এ.এস.এম সায়েম।
- অ্যাটর্নি জেনারেল- এম.এইচ খন্দকার।
- জাতীয় সংসদের স্পিকার- মোহাম্মদউল্লাহ্।
- ডেপুটি স্পিকার- মোহাম্মদ বায়তুল্লাহ।
- প্রধান নির্বাচন কমিশনার- বিচারপতি মোহাম্মদ ইদ্রিস।
- মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক- ফজলে কাদের মো. আব্দুল বাকী।
- কর্ম কমিশনের প্রধান- ড. এ. কিউ এম বজলুর করিম।

| সংবিধান অনুযায়ী শপথবাক্য পাঠ | |
|---|---|
| রাষ্ট্রপতি শপথবাক্য পাঠ করান | ➤ প্রধানমন্ত্রী ও মন্ত্রিপরিষদের অন্যান্য সদস্যকে<br>➤ স্পীকার ও ডেপুটি স্পীকারকে<br>➤ প্রধান বিচারপতিকে |
| স্পীকার শপথবাক্য পাঠ করান | ➤ রাষ্ট্রপতিকে<br>➤ সংসদ সদস্যদেরকে |
| প্রধান বিচারপতি শপথবাক্য পাঠ করান | ➤ অন্যান্য বিচারপতিকে<br>➤ প্রধান নির্বাচন কমিশনার ও কমিশনারগণকে<br>➤ সরকারি কর্ম কমিশনের চেয়ারম্যান ও সদস্যবৃন্দকে<br>➤ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রককে |
| প্রধানমন্ত্রী শপথবাক্য পাঠ করান | ➤ সিটি কর্পোরেশনের মেয়রকে<br>➤ জেলা পরিষদের চেয়ারম্যানকে |

নোট: স্পীকারের অনুপস্থিতিতে সাংসদদের প্রধান নির্বাচন কমিশনার শপথ পড়াতে পারবেন।

## সংবিধান অনুযায়ী পদত্যাগপত্র পেশ

- রাষ্ট্রপতি- স্পীকারের নিকট
- সংসদ সদস্য- স্পীকারে নিকট
- স্পীকার- রাষ্ট্রপতির নিকট
- প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রীবৃন্দ- রাষ্ট্রপতির নিকট

## সংবিধান অনুযায়ী বিভিন্ন পদের বয়সসীমা ও মেয়াদকাল

| | |
|---|---|
| রাষ্ট্রপতি<br>◆ সর্বনিম্ন বয়স- ৩৫ বছর<br>◆ সর্বোচ্চ বয়স- ৭২ বছর<br>◆ মেয়াদকাল- কার্যভার গ্রহণ থেকে ৫ বছর | প্রধানমন্ত্রী<br>◆ সর্বনিম্ন বয়স- ২৫ বছর<br>◆ মেয়াদকাল- সংসদ অধিবেশনের<br>◆ প্রথম দিন থেকে পরবর্তী ৫ বছর |
| সংসদ সদস্য<br>◆ সর্বনিম্ন বয়স- ২৫ বছর<br>◆ মেয়াদকাল- সংসদ অধিবেশনের প্রথম দিন থেকে পরবর্তী ৫ বছর | প্রধান বিচারপতি<br>◆ সর্বোচ্চ বয়স- ৬৭ বছর<br>◆ মেয়াদকাল- ৬৭ বছর পূর্ণ হওয়া পর্যন্ত |
| প্রধান নির্বাচন কমিশনার<br>◆ সর্বোচ্চ বয়স- ৬৫ বছর<br>◆ মেয়াদকাল- কার্যভার গ্রহণ থেকে ৫ বছর অথবা ৬৫ বছর পূর্ণ হওয়া পর্যন্ত | সরকারি কর্ম কমিশনের (PSC) চেয়ারম্যান<br>◆ সর্বোচ্চ বয়স- ৬৫ বছর<br>◆ মেয়াদকাল- কার্যভার গ্রহণ থেকে ৫ বছর অথবা ৬৫ বছর পূর্ণ হওয়া পর্যন্ত |



## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

### ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. নিচের কোন ব্যক্তি বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটির সদস্য ছিলেন? [DU খ' ২৩-২৪]
ক. রাজিয়া বানু খ. তোফায়েল আহমেদ
গ. মো. জিল্লুর রহমান ঘ. মো. আব্দুল হামিদ

০২. বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ বাংলাদেশের সংবিধানের যে তফসিলে বর্ণিত রয়েছে- [DU গ' ২১-২২]
ক. ৩য় খ. ৪র্থ গ. ৫ম ঘ. ৬ষ্ঠ

০৩. নিচের কোনটি ১৯৭২ সালে প্রণীত বাংলাদেশের প্রথম সংবিধানের মূলনীতি নয়? [DU গ' ২১-২২]
ক. জাতীয়তাবাদ খ. সাম্যবাদ গ. গণতন্ত্র ঘ. ধর্মনিরপেক্ষতা

০৪. 'কোর্ট অব রেকর্ড বলা হয় যে আদালতকে'- [DU খ' ২০-২১]
ক. সুপ্রিম কোর্ট খ. হাইকোর্ট গ. জজ কোর্ট ঘ. ম্যাজিস্ট্রেট কোর্ট

০৫. বাংলাদেশের সংবিধানের যে ভাগে মৌলিক অধিকার বর্ণিত আছে– [DU খ' ২০-২১]
ক. ১ম খ. ২য় গ. ৩য় ঘ. ৪র্থ

০৬. রাষ্ট্রের সর্বোচ্চ আইন হলো- [DU খ' ১৯-২০]
ক. সুপ্রিম কোর্টের রায় খ. সরকারি ডিক্রি
গ. সাংবিধানিক আইন ঘ. প্রশাসনিক প্রবিধান

০৭. বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটির একমাত্র নারীসদস্য- [DU খ' ১৯-২০, DU ঘ' ১৬-১৭]
ক. আনোয়ারা বেগম খ. সুফিয়া কামাল
গ. সৈয়দা সাজেদা চৌধুরী ঘ. ই.এ.বি. রাজিয়া আক্তার বানু

০৮. বাংলাদেশের সংবিধান কত তারিখে কার্যকর হয়েছে? [DU ঘ' ১৮-১৯]
ক. ৪ নভেম্বর ১৯৭২ খ. ৫ নভেম্বর ১৯৭২
গ. ১৫ ডিসেম্বর ১৯৭২ ঘ. ১৬ ডিসেম্বর ১৯৭২

০৯. বাংলাদেশের সংবিধানের কোন ধারা অনুসারে সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান? [DU ঘ' ১৭-১৮]
ক. ৭ খ. ২৭ গ. ১১ ঘ. ১৭

১০. বাংলাদেশের সংবিধান মূলত____ ভাগে বিভক্ত? [DU খ' ১৭-১৮]
ক. ৯ খ. ১০ গ. ১১ ঘ. ১২

১১. বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগের পৃথকীকরণের কথা বলা হয়েছে? [39 BCS, DU ঘ' ০৮-০৯]
ক. ২২ খ. ২৭ গ. ১৮ ঘ. ১১৮

১২. মতামত প্রকাশের স্বাধীনতা কোন্ ধরনের অধিকার? [DU 'খ' ০৯-১০]
ক. রাজনৈতিক খ. জন্মগত গ. সামাজিক ঘ. প্রাকৃতিক

১৩. বাংলাদেশের সুপ্রিম কোর্টের ডিভিশন কয়টি? [DU ঘ' ০০-০১/DU খ' ১৩-১৪]
ক. ২টি খ. ৩টি গ. ৪টি ঘ. ৫টি

১৪. এ পর্যন্ত বাংলাদেশের সংবিধান কতবার সংশোধিত হয়েছে? [DU ঘ' ০৯-১০/ DU খ' ১৫-১৬]
ক. ১৩ খ. ১৫ গ. ১৪ ঘ. ১৬
নোট: বাংলাদেশের সংবিধান মোট ১৭ বার সংশোধিত হয়েছে; সর্বশেষ সংশোধন ২০১৮ সালে।

১৫. বাংলাদেশ সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে জাতীয় সংসদে সংরক্ষিত মহিলা আসনসংখ্যা ৪৫-এ উন্নীত করা হয়? [DU খ' ০৬-০৭]
ক. একাদশ খ. দ্বাদশ গ. ত্রয়োদশ ঘ. চতুর্দশ

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. ক | ২. গ | ৩. খ | ৪. ক | ৫. গ | ৬. গ | ৭. ঘ | ৮. ঘ |
| ৯. খ | ১০. গ | ১১. ক | ১২. গ | ১৩. ক | ১৪. * | ১৫. ঘ | |

১৬. বাংলাদেশের পররাষ্ট্র নীতি সংক্রান্ত নির্দেশনা সংবিধানের কত অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে? (46 BCS)

ক. ২৫ খ. ২৬ গ. ২৭ ঘ. ২৮

১৭. বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটির একমাত্র নারী সদস্য কে ছিলেন? (46 BCS)

ক. সাজেদা চৌধুরী খ. নুরজাহান মোর্শেদ
গ. রাফিয়া আক্তার ডলি ঘ. রাজিয়া বানু

১৮. বাংলাদেশ সংবিধানের কত নম্বর অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি প্রধান বিচারপতি নিয়োগ দেন? (46 BCS)

ক. ৯৫ খ. ৯৬ গ. ৯৭ ঘ. ৯৮

১৯. 'প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা বাংলা' কথাটি সংবিধানের কোন অনুচ্ছেদে বলা হয়েছে? (45 BCS)

ক. অনুচ্ছেদ: ২ খ. অনুচ্ছেদ : ৩ গ. অনুচ্ছেদ : ৪ ঘ. অনুচ্ছেদ : ৫

২০. ঐতিহাসিক ৭ মার্চে ভাষণ সংবিধানের কোন তফসিলে আছে? (45 BCS)

ক. চতুর্থ তফসিল খ. পঞ্চম তফসিল গ. ষষ্ঠ তফসিল ঘ. সপ্তম তফসিল

২১. বাংলাদেশের সংবিধান অনুযায়ী 'কোর্ট অব রেকর্ড' হিসাবে গণ্য- (45 BCS)

ক. লেবার কোর্ট খ. জজ কোর্ট গ. হাই কোর্ট ঘ. সুপ্রিম কোর্ট

২২. 'ধর্মীয় স্বাধীনতা' বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে অন্তর্ভুক্ত? (44 BCS)

ক. অনুচ্ছেদ ৩৮ খ. অনুচ্ছেদ ৫০ গ. অনুচ্ছেদ ৪১ ঘ. অনুচ্ছেদ ১০০

২৩. কোন নাগরিকের মৌলিক অধিকার লঙ্ঘিত হলে সংবিধানের কোন অনুচ্ছেদের বিধান অনুযায়ী তিনি মামলা করতে পারেন? (44 BCS)

ক. ৪৪ খ. ৪৭ গ. ১০২ ঘ. ১০৩

২৪. বাংলাদেশের সরকার পদ্ধতি- (44 BCS)

ক. এককেন্দ্রিক খ. যুক্তরাষ্ট্রীয় গ. রাজতন্ত্র ঘ. রাষ্ট্রপতিশাসিত

২৫. কোনটি সাংবিধানিক পদ নয়? (43 BCS)

ক. প্রধান নির্বাচন কমিশনার খ. চেয়ারম্যান, পাবলিক সার্ভিস কমিশন
গ. চেয়ারম্যান, মানবাধিকার কমিশন ঘ. কনট্রোলার ও অডিটর জেনারেল

২৬. বাংলাদেশ সংবিধান হাতে লেখার দায়িত্ব কার ওপর ন্যস্ত ছিল? (43 BCS)

ক. হাশেম খান খ. এ. কে.এম. আব্দুর রউফ
গ. আবুল বারক আলভী ঘ. সমরজিৎ রায় চৌধুরী

২৭. বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে 'বার্ষিক আর্থিক বিবৃতি'-এর কথা উল্লেখ করা হয়েছে? (43 BCS)

ক. ৮১ খ. ৮৫ গ. ৮৭ ঘ. ৮৮

২৮. বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে নারী-পুরুষের সমতা নিশ্চিত করা হয়েছে? (43 BCS)

ক. ২৯(২) খ. ২৮(২) গ. ৩৯(১) ঘ. ৩৯(২)

২৯. তথ্য অধিকার আইন কোন সালে চালু হয়? (43 BCS)

ক. ২০০২ খ. ২০০৬ গ. ২০০৯ ঘ. ২০১১

৩০. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের খসড়া সর্বপ্রথম গণপরিষদে ১৯৭২ সালের কোন তারিখে উত্থাপিত হয়? (42 BCS)

ক. ১১ নভেম্বর খ. ১২ অক্টোবর গ. ১৬ ডিসেম্বর ঘ. ৩ মার্চ

৩১. কোন অনুচ্ছেদ বলে বাংলাদেশের সংবিধানের মৌলিক বিধানাবলী পরিবর্তনযোগ্য নয়? [41 BCS]

ক. অনুচ্ছেদ ৭ খ. অনুচ্ছেদ ৭(ক) গ. অনুচ্ছেদ ৭(খ) ঘ. অনুচ্ছেদ ৮

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৬. ক | ১৭. ঘ | ১৮. ক | ১৯. খ | ২০. খ | ২১. ঘ | ২২. গ | ২৩. গ |
| ২৪. ক | ২৫. গ | ২৬. খ | ২৭. গ | ২৮. খ | ২৯. গ | ৩০. খ | ৩১. গ |

৩২. বাংলাদেশের সংবিধানের ত্রয়োদশ সংশোধনীর মূল বিষয় কী ছিল? [41 BCS]
ক. বহুদলীয় ব্যবস্থা খ. বাকশাল প্রতিষ্ঠা গ. তত্ত্বাবধায়ক সরকার ঘ. সংসদে নারী আসন

৩৩. সংবিধানের কোন অনুচ্ছেদের আলোকে বাংলাদেশের বৈদেশিক নীতি পরিচালিত হয়? [41 BCS]
ক. অনুচ্ছেদ ২২ খ. অনুচ্ছেদ ২৩ গ. অনুচ্ছেদ ২৪ ঘ. অনুচ্ছেদ ২৫

৩৪. সংবিধানের কোন সংশোধনকে 'first distortion of constitution' বলে আখ্যায়িত করা হয়? [40 BCS]
ক. ৫ম সংশোধন খ. ৪র্থ সংশোধন গ. ৩য় সংশোধন ঘ. ২য় সংশোধন

৩৫. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান প্রবর্তিত হয়- [40 BCS]
ক. ১৭ এপ্রিল, ১৯৭১ খ. ১৬ ডিসেম্বর, ১৯৭২ গ. ৭ মার্চ, ১৯৭২ ঘ. ২৬ মার্চ, ১৯৭৩

৩৬. সংবিধানের কোন অনুচ্ছেদে 'সরকার কর্ম কমিশন' (PSC) গঠনের উল্লেখ আছে? [42, 40, 37 BCS]
ক. ১৩৭ খ. ১৩৫ গ. ১৩৮ ঘ. ১৩৪

৩৭. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি পদে নির্বাচিত হবার ন্যূনতম বয়স- [38 BCS]
ক. ৩০ বছর খ. ৩৫ বছর গ. ৪০ বছর ঘ. ৪৫ বছর

৩৮. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান মতে প্রধান নির্বাচন কমিশনারের নিয়োগের মেয়াদকাল- [38 BCS]
ক. ৩ বছর খ. ৪ বছর গ. ৫ বছর ঘ. ৬ বছর

৩৯. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কোন ধারায় সকল নাগরিককে আইনের দৃষ্টিতে সমতার কথা বলা হয়েছে? [38 BCS]
ক. ধারা ২৬ খ. ধারা ২৭ গ. ধারা ২৮ ঘ. ধারা ২৯

৪০. সংবিধানের কোন অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের নাগরিকগণ বাংলাদেশি বলে পরিচিত হবেন? [26 BCS]
ক. ৬ (১) খ. ৬ (২) গ. ৭ ঘ. ৮

৪১. বাংলাদেশের প্রধানমন্ত্রী হওয়ার জন্য ন্যূনতম বয়স কত বছর? [39, 18 BCS]
ক. ৩০ খ. ২৫ গ. ৩৫ ঘ. ৪০

৪২. তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা সংবিধানের কততম সংশোধনীর মাধ্যমে রদ করা হয়েছে? [36 BCS]
ক. ১২ তম খ. ১৩ তম গ. ১৪ তম ঘ. ১৫ তম

## মেডিকেল ভর্তি পরীক্ষা

৪৩. বাংলাদেশের সংবিধানের মূলনীতি কয়টি? [MC 21-22]
ক. দশ খ. ছয় গ. চার ঘ. আট

৪৪. বাংলাদেশে কবে প্রথম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়? [MC 20-21]
ক. ৬ এপ্রিল ১৯৭৩ খ. ৭ মার্চ ১৯৭৩ গ. ২৮ ফেব্রুয়ারি ১৯৭৩ ঘ. ১৯ এপ্রিল ১৯৭৩

## অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

৪৫. সংবিধান বা শাসনতন্ত্র হচ্ছে- [জাবি-০৪-০৫/মেরিন একাডেমি ১৫-১৬]
ক. রাষ্ট্রের সাধারণ আইন খ. জরুরী আইন
গ. রাষ্ট্রের মৌলিক আইন ঘ. রাষ্ট্রের বিশেষ আইন

৪৬. বাংলাদেশ গণপরিষদের প্রথম স্পীকার কে ছিলেন? [রাবি-ইতিহাস, ০৮-০৯/জবি-ঘ, ০৫-০৬]
ক. শাহ্ আব্দুল হামিদ খ. সৈয়দ নজরুল ইসলাম
গ. জনাব মোহাম্মদ উল্লাহ্ ঘ. জনাব তাজউদ্দীন

৪৭. বাংলাদেশের সংবিধান রচনা কমিটির সদস্য নিচের কতজন ছিলেন? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী-১০]
ক. ১৪ জন খ. ২৪ জন গ. ৩৪ জন ঘ. ৪৪ জন

৪৮. সংবিধানের কোন অনুচ্ছেদ 'চলাফেরার স্বাধীনতা' উল্লেখ রয়েছে? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক, ০৯]
ক. ৩৬ খ. ৩০ গ. ৩৭ ঘ. ৩১

উত্তরমালা

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৩২. গ | ৩৩. ঘ | ৩৪. ক | ৩৫. খ | ৩৬. ক | ৩৭. খ | ৩৮. গ | ৩৯. খ | ৪০. খ |
| ৪১. খ | ৪২. ঘ | ৪৩. গ | ৪৪. খ | ৪৫. গ | ৪৬. ক | ৪৭. গ | ৪৮. ক | |

# জাতীয় সংসদ



ঢাকার শেরে বাংলা নগরে অবস্থিত জাতীয় সংসদ ভবন দক্ষিণ এশিয়ার অন্যতম স্থাপত্যশৈলী।

